গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৭.১৭-৩০৫

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪২৬
২১ জুলাই ২০১৯

বিষয়ঃ "জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (রাজশাহী জোন)" শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত পিএসসি সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ১১ জুলাই ২০১৯ তারিখে "জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (রাজশাহী জোন)" শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ সামীমুজ্জামান)
উপপ্রধান

ফোন-৯৫১৪২৬৬
E-mail: shamimrafi1968@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-ই-বাংলা নগর, ঢাকা
৩। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা, ঢাকা
৪। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শেরে-ই-বাংলা নগর, ঢাকা
৫। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৯। প্রকল্প পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রাজশাহী জোন)
১০। উপপ্রধান (কার্যঃ ও এডিপি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

প্রকল্পের প্রয়োজনে আমন্ত্রিত কর্মকর্তাগণ:

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী সড়ক সার্কেল, রাজশাহী
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৩। নির্বাহী প্রকৌশলী, সওজ, রাজশাহী
৪। নির্বাহী প্রকৌশলী, সওজ, নাটোর
৫। নির্বাহী প্রকৌশলী, সওজ, সিরাজগঞ্জ
৬। নির্বাহী প্রকৌশলী, সওজ, নওগাঁ
৭। নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা বিভাগ-১, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'লঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ "(জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ প্রকল্প (রাজশাহী জোন) শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	:	১১ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ
সময়	:	বিকাল ০৩:০০ ঘটিকা
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, প্রকল্পটি ৭৬৬৫৮.৪৮ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ হতে জুন ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক গত ২৯-০৫-২০১৮ তারিখে অনুমোদিত হয়। রাজশাহী জোনের ২৯৬.১৫৯ কিলোমিটার জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের নিমিত্ত এ প্রকল্পটি গ্রহণ করা হয়। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করে কয়েকটি বিষয়ে নীতিগত সুপারিশ গ্রহণের লক্ষ্যে অদ্যকার সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ রাজশাহী সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, জুন ২০১৯ পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতি প্রায় ১৫%। বর্তমানে রাজশাহী জোনের আওতায় জেলা মহাসড়কসমূহের মধ্যে প্রায় ৩৩৬ কিলোমিটার সড়ক বা সড়কাংশ মারাত্তকভাবে ক্ষতিগ্রস্ত অবস্থায় আছে। ফলে যানচলাচল ও পণ্য পরিবহন ব্যবস্থা বিঘ্নিত হচ্ছে। সুষ্ঠু মেরামত ও রক্ষণাবেক্ষণের দিক বিবেচনায় জেলা মহাসড়ক যথাযথমান ও প্রশস্থতায় উন্নীতকরণ (রাজশাহী জোন) শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটির প্রধান উদ্দেশ্য হল রাজশাহী জোনের আওতাধীন ৬টি সড়ক বিভাগের মহাসড়কের বেশকিছু ক্ষতিগ্রস্ত সড়ক/সড়কাংশগুলোকে মেরামত এবং পুনর্বাসন প্রক্রিয়ার মাধ্যমে বিরাজমান সড়ক নেটওয়ার্কের মান উন্নয়ন তথা নিরাপদ, আরামদায়ক, সময় ও ব্যয় সাশ্রয়ী সড়ক নেটওয়ার্ক প্রতিষ্ঠা করা। প্রকল্পের আওতাধীন মূল কার্যক্রম হল-সড়কবাঁধ নির্মাণে মাটির কাজ, নতুন নির্মাণ, মজবুতিকরণ, সার্ফেসিং, আরসিসি বক্স কালভার্ট নির্মাণ, রিজিড পেভমেন্ট নির্মাণ, কংক্রিট টো-ওয়াল ইত্যাদি অন্যতম।

৩.২ সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পটি ২৯টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। এ পর্যন্ত ২৮টি প্যাকেজের দরপত্র আহবানপূর্বক মূল্যায়নান্তে কার্যাদেশ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ১টি প্যাকেজের দরপত্র শীঘ্রই চূড়ান্ত করা হবে। আরো উল্লেখ করা হয় যে, অনুমোদিত প্রকল্প প্রস্তাব সওজ অধিদপ্তরের রেট সিডিউল ২০১৫ অনুযায়ী প্রণীত। বর্তমানে বাস্তবায়নাধীন হওয়ায় সওজ অধিদপ্তরের রেট সিডিউল ২০১৮ অনুসরণপূর্বক অফিসাল এ্যাস্টিমেট প্রণয়ন করা হয়েছে। দরপত্র মূল্যায়নে প্রাপ্ত দর প্রতিফলিত করার জন্য উন্নয়ন প্রকল্প প্রস্তাব সংশোধন করা প্রয়োজন। কাজের পরিধি এবং দরপত্র আহবানপূর্বক কার্যাদেশ প্রদানের জন্য ব্যয়িত সময় এবং কয়েকটি নতুন প্যাকেজ অন্তর্ভুক্ত করে বাস্তবায়ন করতে হলে দরপত্র আহবান, প্রক্রিয়াকরণ, মাঠ পর্যায়ে বাস্তবায়ন তথা সার্বিক চ্যালেঞ্জ মোকাবেলা করে গুনগত মান অক্ষুন্ন রেখে প্রকল্পটির সমাপ্তিকরণে নির্ধারিত সময়ের চেয়ে আরো ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন। আলোচনাক্রমে এ বিষয়ে একমত পোষণ করা হয়। তবে কার্যাদেশ প্রদানকৃত প্যাকেজসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা দেয়া হয়।

৩.৩ সভায় উল্লেখ করা হয় যে, প্যাকেজ-২ তে সড়ক প্রশস্তকরণের জন্য আইটেম নং-03/02/01(a): Sub-Base এর ক্ষেত্রে উভয় পার্শ্বে ০.৯০ মিটার করে করা প্রয়োজন। কিন্তু প্রাক্কলনে ভুলবশতঃ Sub-Base শুধুমাত্র এক পাশ ধরা হয়েছে। ফলে উভয় পার্শ্বে প্রশস্তকরণ কাজ সম্পাদন করা সম্ভব হচ্ছে না। এছাড়া দরপত্রের আইটেম নম্বর-02/06/02: Embankment fill from borrow pit in contractor's Arranged land এ যে পরিমান মাটি ভরাট বাবদ প্রাক্কলন

করা হয় তা প্রয়োজনের তুলনায় কম। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী বলেন যে, সাম্প্রতিককালে পরিদর্শন করে দেখা যায় যে, সাব-বেইজ ৩৩৭৫ ঘনমিটার এবং মাটির কাজ ৬৯৩৪.৯৭ ঘনমিটার বৃদ্ধি পেতে পারে, যার আর্থিক মূল্য যথাক্রমে ১৫৭.৯৯ লক্ষ ও ১৯.৩৯ লক্ষ অর্থাৎ মোট ১৭৭.৩৮ লক্ষ টাকা, যা চুক্তি মুল্য ২৮১৯.৯০ লক্ষ টাকা অপেক্ষা ৬.২৯% বেশী। প্রকল্প প্রণয়নকালে যথাযথভাবে পরিমাপ গ্রহণ করে প্রাক্কলন না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং ভবিষ্যতে এ ধরণের ভুলের পুনরাবৃত্তি না করার জন্য নির্দেশনা দেয়া হয়। উল্লেখিত উন্নয়ন প্রকল্প প্রস্তাবের ব্যয় সীমার মধ্যে রেখে সংশ্লিষ্ট প্যাকেজের এ পরিবর্তন পরিকল্পনা ও আর্থিক শৃঙ্খলা এবং পিপিএ ২০০৮ অনুসরণে ব্যবস্থা নেয়ার পরামর্শ দেয়া হয়।

৩.৪ উল্লাপাড়া-লাহিড়ী মোহনপুর-ভাঙ্গুড়া (ময়দানদীঘি বাজার) (জেড-৫০৪৮) একটি গুরুত্বপূর্ণ জেলা সড়ক যার দৈর্ঘ্য ২২ কিলোমিটার। ২২ কিলোমিটারের মধ্যে ১ম ১৩ কিলোমিটার জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরন প্রকল্প (রাজশাহী জোন) এর আওতায় উন্নয়ন কাজ চলমান রয়েছে। অবশিষ্ট ৯ কিলোমিটার এখনো কাঁচা রয়েছে। উক্ত সড়কের ১৭তম কিলোমিটারে (চেইনেজ ১৬+৩০০ কিলোমিটার) উধুনিয়া ইউনিয়ন পরিষদ এবং উধুনিয়া বাজার অবস্থিত। উক্ত বাজার এবং ইউনিয়ন পরিষদে জনসাধারনের যাতায়াতের জন্য এ অংশে পায়ে হেঁটে অথবা সাইকেল/মোটর সাইকেলে যাতায়াত করতে হয়। সেজন্য ১৩ কিলোমিটারের পরবর্তী ৩.৩০ কিলোমিটার কাঁচা সড়ক পাকা করার জন্য সিরাজগঞ্জ-৪ (উল্লাপাড়া) আসনের মাননীয় সংসদ সদস্য জনাব তানভির ইমাম, এ প্রকল্পের আওতাভুক্ত করে নির্মাণের জন্য অনুরোধ জানিয়েছেন। এ বিষয়ে উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম) সভাকে অবহিত করেন যে, চলনবিলের মধ্যে অবস্থিত এ অংশটুকু সম্পূর্ণ কাঁচা সড়ক, বর্ষায় সময় পানিতে ডুবে থাকে। এ অংশের কাজ করতে হলে সরেজমিন সমীক্ষা/জরিপ করে হাইড্রোলজিক্যাল ও মরফোলজিক্যাল স্টাডিসহ পূর্ণাঙ্গ ডিজাইন করে নির্মাণ করা সমীচীন হবে এবং এ বিষয়ে পিআইসি সভায় একমত পোষণ করা হয়েছে। রাজশাহী সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে এ বিষয়ে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন যে, এ অংশে কয়েকটি ব্রীজ/কালভার্ট থাকায় পানি চলাচলে অসুবিধা হবে না এবং সিরাজগঞ্জের মাটি বেলে মাটি হওয়ায় এখানে সড়ক নির্মাণে কোন সমস্যা হবে না। উক্ত প্যাকেজে সড়ক বাঁধ রক্ষার্থে প্রয়োজনীয় রক্ষাপ্রদ কাজের আইটেম রাখা হবে। আরো জানান যে, ৩.৩০ কিলোমিটার রাস্তা একটি নতুন প্যাকেজের মাধ্যমে নির্মাণ করা যেতে পারে। সভায় উল্লেখিত ৩.৩০ কিলোমিটার মহাসড়ক অংশ নির্মাণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সওজ অধিদপ্তরের একটি কারিগরি টিম সরেজমিন পরিদর্শন করে কারিগরি বিবেচনায় মহাসড়কের স্পেসিফিকেশন/জিওমেট্রিক ডিজাইন প্রণয়ন ও তা অনুসরণে ব্যয় প্রাক্কলনপূর্বক সড়কবাঁধ যথাযথভাবে কম্পেক্ট করে নির্মাণের বিষয়ে একমত পোষণ করা হয়। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রাজশাহী সড়ক জোন এ বিষয়ে একটি প্রত্যয়ন পত্র সংযোজন করবেন।

৩.৫ রাজশাহী-হাটগোদাগাড়ী-ফলিয়ারবিল-মোহনগঞ্জ (জেড-৬০১০) সড়কটি রাজশাহী সড়ক বিভাগের আওতাধীন একটি জেলা মহাসড়ক। যার দৈর্ঘ্য ৩১ কিলোমিটার (গেজেট অনুযায়ী)। জেলা মহাসড়ক যথাযথমান ও প্রশস্ততায় উন্নীতকরন প্রকল্প (রাজশাহী জোন) WP-১৮ নং প্যাকেজে ডিপিপি অনুযায়ী কাজের চেইনেজ: ০+০০০ থেকে ১২+০০০ পর্যন্ত মোট ১২.০০ কিলোমিটার সংস্থান রাখা হয়। কিন্তু এ প্যাকেজটিতে প্রাক্কলন তৈরীর সময় চেইনেজ: ৫+০০০ থেকে ১৭+০০০ পর্যন্ত মোট ১২ কিলোমিটার অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত সড়কটির প্রথম ৫ কিলোমিটার (RUET হতে রাজশাহী-শহর-বাইপাস পর্যন্ত) রাজশাহী শহর সংলগ্ন হওয়ায় রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (RDA) কর্তৃক প্রশস্থকরণসহ ভদ্রার মোড়ে একটি ফ্লাইওভার নির্মাণ কাজ হাতে নেয়া হয়েছে। প্যাকেজটিতে শুধুমাত্র চেইনেজ প্রতিস্থাপন করা হবে, কাজের ডিপিপি মূল্য, কাজের দফা ও পরিমাণের কোন পরিবর্তন প্রয়োজন নেই। বাস্তব কাজের ব্যাপ্তি অনুযায়ী (চেইনেজ ০+০০০ থেকে চেইনেজ ১২+০০০ এর পরিবর্তে চেইনেজ ৫+০০০ থেকে চেইনেজ ১৭+০০০ পর্যন্ত) সংশোধন করার প্রস্তাব করা হয়েছে। বিস্তারিত আলোচনা শেষে বাস্তব প্রয়োজনীয়তা নিরীখে পরিকল্পনা কমিশন, আইএমইডি ও অর্থবিভাগের প্রতিনিধিসহ সকলে একমত পোষণ করেন।

৩.৬ শিবপুর-দূর্গাপুর-তাহেরপুর সড়ক (জেড-৬০০৫) সড়কটি রাজশাহী সড়ক বিভাগের আওতাধীন একটি জেলা মহাসড়ক, যার দৈর্ঘ্য ২৩ কিলোমিটার। প্রকল্পের WP-২০ নং প্যাকেজে ডিপিপি অনুযায়ী কাজের চেইনেজ: ০+০০০ থেকে ১২+০০০ পর্যন্ত মোট ১২ কিলোমিটার সংস্থান রাখা হয়। কিন্তু এ প্যাকেজটিতে প্রাক্কলন তৈরীর সময় চেইনেজ: ৩+৩০০ থেকে ১৫+৩০০ পর্যন্ত মোট ১২ কিলোমিটার অন্তর্ভুক্ত করা হয়েছে। বর্ণিত সড়কের ০+০০০ থেকে ৩+৩০০ কিলোমিটার পর্যন্ত অংশটি ইতোপূর্বেই প্রশস্তকরণ করা হয় বিধায় উক্ত প্রকল্প হতে এ অংশটুকু বাদ দেয়া হয়েছে। প্যাকেজটিতে শুধুমাত্র চেইনেজ প্রতিস্থাপন করা হবে, কাজের ডিপিপি মূল্য, কাজের দফা ও পরিমাণের কোন পরিবর্তন প্রয়োজন নেই। বাস্তব কাজের ব্যাপ্তি অনুযায়ী বাস্তব প্রয়োজনে (চেইনেজ ১২+০০০ থেকে চেইনেজ ২২+০০০ এর পরিবর্তে চেইনেজ ১৭+০০০ থেকে চেইনেজ ২৭+০০০ পর্যন্ত) সংশোধন করার সভায় ঐক্যমত পোষণ করা হয়।

৩.৭ সভায় উল্লেখ করা হয় যে, শিবপুর-দূর্গাপুর-তাহেরপুর সড়ক (জেড-৬০০৫) সড়কটি রাজশাহী সড়ক বিভাগের আওতাধীন একটি জেলা মহাসড়ক, যার দৈর্ঘ্য ২৩ কিলোমিটার। আলোচ্য প্রকল্পের WP-২১ নং প্যাকেজে ডিপিপি অনুযায়ী

কাজের চেইনেজ: ১২+০০০ থেকে ১৯+৭০০ পর্যন্ত মোট ৭.৭০০ কি.মি. সংস্থান রাখা হয়। কিন্তু এ প্যাকেজটিতে প্রাক্কলন তৈরীর সময় চেইনেজ: ১৫+৩০০ থেকে ২৩+০০০ পর্যন্ত মোট ৭.৭০০ কি.মি. অন্তর্ভুক্ত করা হয়েছে। প্যাকেজটিতে শুধুমাত্র চেইনেজ প্রতিস্থাপন করা হবে, কাজের ডিপিপি মূল্য, কাজের দফা ও পরিমাণের কোন পরিবর্তন প্রয়োজন নেই। বাস্তব কাজের ব্যাপ্তি অনুযায়ী (চেইনেজ ০+০০০ থেকে চেইনেজ ১২+০০০ এর পরিবর্তে চেইনেজ ৩+৩০০ থেকে চেইনেজ ১৫+৩০০ পর্যন্ত) সংশোধন করার পক্ষে সভায় একমত পোষণ করা হয়।

৩.৮ সভাকে আরো জানানো হয় যে, মান্দা-বাঘমারা-আত্রাই সড়ক (জেড-৬৮৫৬) সড়কটি নওগাঁ সড়ক বিভাগের আওতাধীন একটি জেলা মহাসড়ক, যার দৈর্ঘ্য ৪৬.৫৭০ কিলোমিটার। এ প্যাকেজের আওতায় ডিপিপি অনুযায়ী কাজের চেইনেজ: ০+০০০ থেকে ১৩+০০০ পর্যন্ত মোট ১৩.০০০ কিলোমিটার সংস্থান রাখা হয়। বাস্তবে এখানে দুটি সড়ক (১) মান্দা থানা সংযোগ সড়ক (জেড-৬৮১০) চেইনেজ: ০+০০০ হতে ২+৫০০ এবং (২) মান্দা-বাঘমারা-আত্রাই সড়কে (জেড-৬৮৫৬) চেইনেজ: ০+০০০ হতে ১০+৫০০ পর্যন্ত মোট ১৩ কিলোমিটার সংশোধিত ডিপিপিতে প্রস্তাব করা প্রয়োজন। প্যাকেজটিতে শুধুমাত্র চেইনেজ প্রতিস্থাপন করা হবে, কাজের ডিপিপি মূল্য, কাজের দফা ও পরিমাণের কোন পরিবর্তন প্রয়োজন নেই। বর্নিত প্যাকেজের আওতায় ১৪১৪৪৬.০০ ঘ: মি: মাটির কাজ, বেইজ টাইপ-১ ১৪৩০০.০০ ঘ: মি:, বিটুমিনাস প্রাইম কোট ৭১৫০০.০০ বর্গমিটার, বিটুমিনাস টাককোট ৭২২২১.৫০ বর্গমিটার, ডিবিএস ওয়ারিং কোর্স ২৮৮৮.৮৬ ঘ: মি:, ডিবিএস বেইজ কোর্স ৩৫৭৫.০০ ঘ: মি: সাইন/সিগন্যাল, কিমি পোস্ট, রোড মার্কিং কাজ অর্ন্তভূক্ত যার চুক্তি মূল্য ৩৩৫৮.১০ লক্ষ টাকা। বাস্তব কাজের ব্যাপ্তি এবং পৃথক গেজেটেড সড়ক অনুযায়ী চেইনেজ সংশোধন করার প্রস্তাব করা হয়েছে। আলোচনান্তে বাস্তব প্রয়োজনে প্রস্তাবিত সংশোধনের পক্ষে সভায় অভিমত প্রকাশ করা হয়।

৩.৯ সভায় চলমান প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রমের অতিরিক্ত আরো কয়েকটি কাজ অন্তর্ভুক্ত করে মহাসড়কসমূহের কার্যকারিতা বৃদ্ধির জন্য প্রস্তাব করা হয়, নিম্নরূপ:

- চাঁপাইনবাবগঞ্জ সড়ক বিভাগের অধীনে নবাবগঞ্জ-আমনুরা জেলা মহাসড়ক এর দৈর্ঘ্য ১২কিলোমিটার। wp-২৮ (চেইনেজ: ১+৫০০ হতে ৪+৮০০) এর আওতায় ৩.৩০ কিলোমিটার এবং wp-২৯ (চেইনেজ: ৪+৮০০ হতে ৮+০০০ পর্যন্ত) এর আওতায় ৩.২০ কিলোমিটার মোট ৬.৫০ কিলোমিটার সড়ক অন্তর্ভূক্ত আছে। অবশিষ্ট ৫.৫০ কিলোমিটার (চেইনেজ ০+০০০ হতে ১+৫০০ ও ৮+০০০ হতে ১২+০০০) নতুন প্যাকেজভুক্ত করে উন্নয়ন;
- রাজশাহী সড়ক বিভাগের অধীনে শিবপুর-দুর্গাপুর-তাহেরপুর সড়ক (জেড-৬০০৫) সড়কের দৈর্ঘ্য চেইনেজ: ০+০০০ হতে ৩+৩০০ পর্যন্ত ৩.৩০ কিলোমিটার অত্র ডিপিপি অন্তর্ভূক্ত করা হয়নি। সম্পূর্ণ জেলা মহাসড়কের কানেকটিভিটির জন্য এবং জেলা সড়কটির সম্পূর্ণ সুবিধার জন্য প্রশস্তকরণ ব্যতীত সারফেসিং কাজের জন্য নতুন একটি প্যাকেজভুক্তকরণ,
- আড়ানী-বাগাতিপাড়া সড়ক_(জেড-৬০২০) সড়কের দৈর্ঘ্য-১০.১০ কিমি, যার মধ্যে রাজশাহী অংশে চেইনেজ ০+০০০ হতে ৩+৫০০ অংশ মোট ৩.৫০ কিলোমিটার সড়ক রয়েছে। সড়কটির অবশিষ্ট অংশ ৬.৬ কিঃমিঃ নাটোর সড়ক বিভাগের অন্তর্ভূক্ত। উক্ত প্রকল্পর আওতায় নাটোরের ৬.৬ কিলোমিটার অংশে উন্নয়নমূলক কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্প হতে রাজশাহী অংশ বাদ পড়েছে। সেজন্য জেলা মহাসড়কটির সম্পূর্ণ সুবিধা পাওয়ার জন্য নতুন একটি প্যাকেজভুক্ত করে বাস্তবায়ন করা।

উপরে উল্লেখিত নতুন প্রস্তাবিত কার্যাদির গুরুত্ব ও প্রয়াজনীয়তার পর্যালোচনায় সওজ অধিদপ্তর থেকে একটি কারিগরি টিম গঠনের মাধ্যমে সরেজমিন পরিদর্শনপূর্বক জরিপ করে ব্যয় প্রাক্কলন করতঃ চলমান প্রকল্পের আওতায় বাস্তবায়নের পক্ষে সভায় একমত পোষণ করা হয়।

৪. সিদ্ধান্ত:

৪.১ দরপত্রের প্রাপ্ত দর সংশোধিত ডিপিপিতে প্রতিফলিত করতে হবে।

৪.২ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুন ২০২১ পর্যন্ত ০১ (এক) বছর বৃদ্ধি করা যেতে পারে। সওজ অধিদপ্তর এ বিষয়ে যথারীতি কার্যক্রম গ্রহণ করবে।

৪.৩ কার্যাদেশ প্রদানকৃত প্যাকেজসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

৪.৪ প্যাকেজ-২ তে সড়ক প্রশস্তকরণের জন্য আইটেম নং-03/02/01(a): Sub-Base এর ক্ষেত্রে উভয় পার্শ্বে ০.৯০ মিটার করে প্রশস্ত করতে হবে। দরপত্রের আইটেম নম্বর-02/06/02: Embankment fill from borrow pit in contractor's Arranged land এ যে পরিমান মাটি ধরা আছে তা প্রয়োজনের তুলনায় কম হওয়ায় পুনরায় সরেজমিন

পরিদর্শন ও জরিপ করে উন্নয়ন প্রকল্প প্রস্তাবের ব্যয় সীমার মধ্যে রেখে সংশ্লিষ্ট প্যাকেজের এ পরিবর্তন পরিকল্পনা ও আর্থিক শৃঙ্খলা এবং পিপিএ ২০০৮ অনুসরণে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.৫ উল্লাপাড়া-লাহিড়ী মোহনপুর-ভাঙ্গুড়া (ময়দানদীঘি বাজার) (জেড-৫০৪৮) সড়কের প্রকল্পভুক্ত ১৩ কিলোমিটারের পরবর্তী ৩.৩০ কিলোমিটার কাঁচা সড়ক পাকা করার জন্য সংশোধিত ডিপিপিভুক্ত করা যেতে পারে। চলনবিলের মধ্যে অবস্থিত এ অংশটুকু সম্পূর্ণ কাঁচা সড়ক, বর্ষায় সময় পানিতে ডুবে থাকে বিধায় সওজ অধিদপ্তরের একটি কারিগরি টিম গঠন করে সরেজমিন পরিদর্শন কারিগরি দিক বিচার বিশ্লেষণপূর্বক যথাযথ ডিজাইনের ভিত্তিতে করে মহাসড়কের স্পেসিফিকেশন/জিওমেট্রিক ডিজাইন অনুসরণে ব্যয় প্রাক্কলনপূর্বক সড়কবাঁধ যথাযথভাবে কম্পেক্ট করে নির্মাণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রাজশাহী সড়ক জোন একটি প্রত্যয়ন পত্র প্রদান করবেন।

৪.৬ WP-১৮ নং প্যাকেজের ডিপিপি অনুযায়ী কাজের চেইনেজ: ০+০০০ থেকে ১২+০০০ পর্যন্ত মোট ১২ কিলোমিটারে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (RDA) কর্তৃক প্রশস্থকরণকৃত ৫ কিলোমিটার বাদ যাবে। এ প্রকল্পের আওতায় (চেইনেজ ০+০০০ থেকে চেইনেজ ১২+০০০ এর পরিবর্তে চেইনেজ ৫+০০০ থেকে চেইনেজ ১৭+০০০ পর্যন্ত সংশোধিত ডিপিপিতে প্রতিফলন করে সংশোধন করতে হবে।

৪.৭ আলোচনা অংশের অনুচ্ছেদ ৩.৬, ৩.৭ ও ৩.৮ এর আলোচনা অনুযায়ী চেইনেজ সংশোধন ও ডিপিপিতে অন্তর্ভুক্ত করে বাস্তবায়ন করা যেতে পারে। এক্ষেত্রে প্রতিটি পরিবর্তনকৃত চেইনেজ এর ডিজাইন ও প্রাক্কলন পৃথকভাবে সংশোধিত ডিপিপিতে প্রতিফলন করতে হবে।

৪.৮ নতুন প্রস্তাবিত কার্যাদির গুরুত্ব ও প্রয়াজনীয়তার পর্যালোচনায় সওজ অধিদপ্তর থেকে একটি কারিগরি টিম গঠনের মাধ্যমে সরেজমিন পরিদর্শনপূর্বক জরিপ ও কারিগরি দিক বিবেচনায় ডিজাইন করে ব্যয় প্রাক্কলন করতঃ চলমান প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রমের অতিরিক্ত নতুন প্যাকেজ হিসাবে নিম্নবর্ণিত কাজসমূহ অন্তর্ভুক্ত করা যেতে পারেঃ

(ক) চাঁপাইনবাবগঞ্জ সড়ক বিভাগের অধীনে নবাবগঞ্জ-আমনুরা জেলা মহাসড়ক এর দৈর্ঘ্য ১২কিলোমিটার। wp-২৮ (চেইনেজ: ১+৫০০ হতে ৪+৮০০) এর আওতায় ৩.৩০ কিলোমিটার এবং wp-২৯ (চেইনেজ: ৪+৮০০ হতে ৮+০০০ পর্যন্ত) এর আওতায় ৩.২০ কিলোমিটার মোট ৬.৫০ কিলোমিটার সড়ক অন্তর্ভুক্ত আছে। অবশিষ্ট ৫.৫০ কিলোমিটার (চেইনেজ 0+০০০ হতে ১+৫০০ ও ৮+০০০ হতে ১২+০০০) নতুন প্যাকেজভুক্ত করে উন্নয়ন;

(খ) রাজশাহী সড়ক বিভাগের অধীনে শিবপুর-দূর্গাপুর-তাহেরপুর সড়ক (জেড-৬০০৫) সড়কের দৈর্ঘ্য চেইনেজ: ০+০০০ হতে ৩+৩০০ পর্যন্ত ৩.৩০ কিলোমিটার অত্র ডিপিপি অন্তর্ভূক্ত করা হয়নি। সম্পূর্ণ জেলা মহাসড়কের কানেকটিভিটির জন্য এবং জেলা সড়কটির সম্পূর্ণ সুবিধার জন্য প্রশস্তকরণ ব্যতীত সারফেসিং কাজের জন্য নতুন একটি প্যাকেজভুক্তকরণ,

(গ) আড়ানী-বাগাতিপাড়া সড়ক (জেড-৬০২০) সড়কের দৈর্ঘ্য-১০.১০ কিমি, যার মধ্যে রাজশাহী অংশে চেইনেজ ০+০০০ হতে ৩+৫০০ অংশ মোট ৩.৫০ কিলোমিটার সড়ক রয়েছে। সড়কটির অবশিষ্ট অংশ ৬.৬ কিঃমিঃ নাটোর সড়ক বিভাগের অন্তর্ভূক্ত। উক্ত প্রকল্পর আওতায় নাটোরের ৬.৬ কিলোমিটার অংশে উন্নয়নমূলক কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্প হতে রাজশাহী অংশ বাদ পড়েছে। সেজন্য জেলা মহাসড়কটির সম্পূর্ণ সুবিধা পাওয়ার জন্য নতুন একটি প্যাকেজভুক্ত করে বাস্তবায়ন করা।

৪.৯ প্রকল্প প্রণয়নকালে যথাযথভাবে পরিমাপ গ্রহণ করে প্রাক্কলন না করায় সভায় অসন্তোষ প্রকাশ করে ভবিষ্যতে এ ধরণের ভুলের পুনরাবৃত্তি না করার জন্য নির্দেশ প্রদান করা হল।

৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯।৭।২০১২

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ